[redacted]

[redacted]

দামুড়হুদায় ৬টি স্বর্ণের বারসহ একজন আটক

চুয়াডাঙ্গার দামুড়হুদা কুতুবপুর মাঝপাড়ায় অভিযান চালিয়ে ৬টি র্স্বণের বারসহ কলিম উদ্দিন নামের এক ব্যক্তিকে আটক করেছে বিজিবি।

গতকাল সকাল সাড়ে ৭টার দিকে এ অভিযান চালানো হয়।

বিজিবি জানায়, বিভিন্ন সূত্র মারফত বিশেষ তথ্যের ভিত্ততে জানা যায় যে, স্বর্ণ চোরাকারবারীগণ সীমান্ত এলাকায় আগমন করে অভিনব কায়দায় পেটের মধ্যে স্বর্ণ বহন করছে বা স্বর্ণ চোরাচালান করতে পারে।

সেই তথ্যের ভিত্তিতে মুন্সিপুর বিওপির টহল দল স্বর্ণ চোরাকারবারী মোঃ কলিম উদ্দিন (৩৮) নামে সন্দেহভাজন ব্যক্তিকে আটক করা হয়। পরে তাকে ব্যক্তিকে তল্লাসী করলে তার মলদ্বার হতে ০৬টি স্বর্ণের বার উদ্ধার করা হয়।

উদ্ধারকৃত ০৬টি স্বর্ণের বারের ওজন-৬৬৮ গ্রাম (৫৭ ভরি ০৫ আনা), যার বর্তমান বাজার মূল্য-৩৯ লক্ষ ৫৪ হাজার পাঁচশত বাষট্টি টাকা। আটককৃত স্বর্ণের বারসহ আসামী মোঃ কলিম উদ্দিন দামুরহুদা থানায় সোপর্দ করা হয়েছে।

দামুড়হুদার দুধপাতিলা বিলে মাছের পোনা অবমুক্তকরণ

চুয়াডাঙ্গা জেলা দামুড়হুদা উপজেলা মৎস্য অধিদপ্তরের বাস্তবায়নে মাছের পোনা অবমুক্তকরণ উদ্বোধন করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু ।

বৃহস্পতিবার ১০ সেপ্টেম্বর সকাল ১০ টার সময় দামুড়হুদা উপজেলার

দুধপাতিলা বিলে মাছের পোনা অবমুক্তকরন উদ্বোধন করা হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা নির্বাহী অফিসার দিলারা রহমান, চুয়াডাঙ্গা জেলা মৎস্য অধিদপ্তরের অফিসার মোঃ মোশাররফ হোসেন, দামুড়হুদা উপজেলা মৎস্য অধিদপ্তরের আয়ূব আলী সহ স্থানীয় নেতৃবৃন্দ। এছাড়া আরো ৫ টি বিল সহ মোট ৬ ট বিলে মাছের পোনা অবমুক্তকরণ করা হয়েছে, দামুড়হুদা উপজেলার ডুগডুগি পশুর হাট দুয়া বিল, দলকা- লক্ষীপুর বিল সহ বিভিন্ন স্থানে মাছের পোনা অবমুক্তকরণ করা হয়।

দামুড়হুদায় ১৯ বোতল ফেন্সিডিল সহ আটক ১

চুয়াডাঙ্গার দামুড়হুদার আটকবর মোড়ে অভিযান চালিয়ে ১৯ বোতল ফেন্সিডিলসহ কাবিদুল ইসলাম নামের এক মাদক কারবারিকে আটক করেছে পুলিশ।

গতকাল শনিবার সকাল ১০ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে নাটুদহ পুলিশ ক্যাম্পের এস আই মোঃ পলাশ পারভেজ, এএসআই মোঃ সাখাওয়াত হোসেন সঙ্গীয় ফোর্সসহ জগন্নাথপুর আটকবর মোড় এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এ সময় চুয়াডাঙ্গা জেলা দামুড়হুদা উপজেলার মুন্সিপুর গ্রামের মোঃ আঃ ওহাব এর ছেলে মোঃ কাবিদুল ইসলাম (২৫) কে জগন্নাথপুর আটকবর মোড় থেকে আটক করে পুলিশ। এ সময় আসামির কাছ থেকে ১৯ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয় ।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আব্দুল খালেক বলেন আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা করা হয়েছে এবং শনিবার আসামিকে আদালতে প্রেরণ করা হয়েছে।

দামুড়হুদার জুড়ানপুরে ভোক্তা অধিকার সংরক্ষণের ভ্রাম্যমাণ অভিযান

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার জুড়ানপুর বাজারে চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকার সংরক্ষণের ভ্রাম্যমাণ অভিযান চালিয়ে জরিমানা আদায় করা হয়েছে।

বৃহস্পতিবার ২৭ আগস্ট সকালে চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকার সংরক্ষণের সহকারী পরিচালক জনাব সজল আহমেদ এর নেতৃত্বে এই ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করা হয়।

এ সময় জুড়ানপুর বাজারে ফার্মেসি, সারের দোকান,কসমেটিকস দোকানসহ বিভিন্ন দোকানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এই অভিযানে মেসার্স মোল্লা মেডিক্যাল হল কে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখার অভিযোগে নগত ৫,০০০ টাকা, মেসার্স বকুল ট্রেডার্স কে মেয়াদ উত্তীর্ণ ফায়ার সার্ভিসের সনদ রাখার অভিযোগে নগত ২,০০০ টাকা ও মেসার্স বিশ্বাস ট্রেডার্স কে মেয়াদ উত্তীর্ণ এগ্রো কেমিক্যালস রাখার অভিযোগে নগত ২,০০০ টাকা জরিমানা করা হয়।

এ সময় ভোক্তা অধিকার সংরক্ষণ চুয়াডাঙ্গার সহকারী পরিচালক জনাব সজল আহমেদ বাজারের সকল দোকানদার, কর্মচারীদের ও সাধারণ মানুষদেরকে এই বিষয়ে সচেতন করেন।

দামুড়হুদায় পানিতে ডুবে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দামুড়হুদার জুড়ানপুর ইউনিয়নে বিট পুলিশং এর উদ্বোধন

মুজিব বর্ষের অঙ্গীকার,পুলিশ হবে জনতার এই স্লোগানকে সামনে রেখে আইনী সহায়তা মানুষের দোর গোড়ায় পৌছে দেওয়ার লক্ষে ০১ নং জুড়ানপুর ইউনিয়নে বিট পুলিশ কার্যক্রম উদ্বোধন করা হয়েছে ।

বুধবার সকাল ১১ টার সময় বিট পুলিশিং কার্যক্রম উদ্বোধন করা হয়।এসময় উপস্থিত ছিলেন জনাব সিনিয়র সহকারী পুলিশ সুপার দামুড়হুদা (সার্কেল) মোঃ আবু রাসেল , দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ জনাব মোঃ আব্দুল খালেক, বিট অফিসার এসআই মোঃ আমজাদ হোসেন, এবং সহকারী বিট অফিসার।

এছাড়া আরো উপস্থিত ছিলেন ০১ নং জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, জুড়ানপুর ইউনিয়ন এর বিভিন্ন ওয়ার্ডের ইউপি সদস্য ও স্থানীয় বিভিন্ন গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

এ সময় উক্ত সভায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, বাল্য বিবাহ রোধ, নারী নির্যাতন, ইফটিজিং রোধকল্পে বিট পুলিশ পুলিশিং কার্যক্রম চালু করা হয়।

সর্বপরি এলাকার মানুষের কষ্ট লাঘবের জন্য এবং পুলিশিং সেবা মানুষের দোর গোড়ায় পৌছে দেওয়ার লক্ষ্যে ও পুলিশি কার্যক্রম আরো গতিশীল করতে এই বিট পুলিশিং কার্যক্রম উদ্বোধন করা হয়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গতকাল রাত আনুমানিক ১০ টার সময় নিজ বাড়িতেই ইন্তেকাল করেন। তিনি সুটিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে ১৯৯৮ সালে অবসর গ্রহণ করেন।

মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর। তিনি দীর্ঘদিন যাবৎ অসুস্থ ছিলেন।

মৃত্যুকালে তিনি পরিবারে ৪ ছেলে ও ৩ কন্যা সন্তান রেখে যান।

পরে মরহুমের নামাজের জানাযা শেষে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়। তার মৃত্যুতে পরিবারের সকল সদস্যসহ এলাকার সকলেই শোকাহত।